দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JUN 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

104

শিক্ষাঙ্গন

## আমাদের শিক্ষা জীবন রক্ষা করুন

মহাখালীস্থ "ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজী" ঢাকায় গত ২৬ জানুয়ারী ১৯৯৩ মেডিক্যাল টেকনোলজী কোর্সের বিভিন্ন গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার ফলও প্রকাশিত হয়। যথারীতি ৭-১০ এপ্রিল-এর মধ্যে বিভিন্ন গ্রুপের ছাত্রদের স্বাস্থ্য পরীক্ষা ও ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার কথা।

কিন্তু বিধিবাম হঠাৎ করে ভর্তি কার্যক্রম বন্ধ করে দেয়া হয়। আজও পর্যন্ত ভর্তি শুরু হওয়ার কোন আভাস পাওয়া যাচ্ছে না। এদিকে আমরা ভর্তিচ্ছুক ছাত্ররা অনিশ্চয়তার মধ্যে দিন গুণছি। এখানে ভর্তি হওয়ার আশায় আমরা অন্য কোথাও ভর্তি হইনি। একটা সেশনের অর্ধেক চলে যাচ্ছে।

এমতাবস্থায় শিক্ষামন্ত্রীসহ যথাযথ কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন এই যে, সৃষ্ট জটিলতার অবসান ঘটিয়ে আমাদের শিক্ষার্থী জীবন রক্ষা করুন।

—ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজীর ভর্তিচ্ছু ছাত্রদের পক্ষে—
গোলাম মাওলা।